

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৩৬

আগরতলা, ৬ সেপ্টেম্বর, ২০১৯

শিক্ষক দিবসে শিক্ষক-শিক্ষিকাগণকে সম্মাননা প্রদান

সারা দেশের সাথে রাজ্যেও গতকাল যথাযথযোগ্য মর্যাদায় ৫৮তম শিক্ষক দিবস পালন করা হয়েছে। রাজ্যভিত্তিক শিক্ষক দিবস অনুষ্ঠানটি রবীন্দ্র শতবাষিকী ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী রতনলাল নাথ এবং রাজস্বমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা। রাজ্যভিত্তিক শিক্ষক দিবস অনুষ্ঠান মঞ্চে শিক্ষাক্ষেত্রে অবদানের জন্য রাজ্যের বিভিন্ন বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের মোট ৩১ জন শিক্ষক-শিক্ষিকাকে শিক্ষক সম্মাননা, ২০১৯ প্রদান করা হয়। এছাড়াও ২০১৯ সালের পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (মরণোত্তর) সম্মান প্রদান করা হয় সুশান্ত কুমার চৌধুরীকে, মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য সম্মান প্রদান করা হয় স্বামী চিত্তরঞ্জন মহারাজজীকে, মহারাণী তুলসীবতী সম্মান প্রদান করা হয় প্রাক্তন শিক্ষিকা বিভা দাসকে এবং শ্যামাপ্রসাদ মুখার্জি (মরণোত্তর) সম্মান প্রদান করা হয় ব্রজেশ চক্রবর্তীকে।

রাজ্যভিত্তিক শিক্ষক দিবস অনুষ্ঠান মঞ্চে এছাড়াও রাজ্যের ৯টি বিদ্যালয়, ১টি মহাবিদ্যালয় এবং ১টি পলিটেকনিক ইনস্টিটিউটকে বিভিন্ন বিভাগে শ্রেষ্ঠত্বের জন্য পুরস্কৃত করা হয়। এরমধ্যে শ্রেষ্ঠ বালিকা বিদ্যালয় হিসাবে দক্ষিণ ত্রিপুরা জেলার ঋষ্যমুখ বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, মিড-ডে-মিল প্রকল্পকে সঠিকভাবে রূপায়ণের জন্য শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে সিপাহীজলা জেলার পূর্ব গকুলনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, বোর্ড ও বিদ্যালয়ের পরীক্ষায় ভালো ফলাফলের জন্য শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে গোমতী জেলার উদয়পুর ইংরেজী মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, শ্রেষ্ঠ স্বচ্ছ বিদ্যালয় হিসাবে গোমতী জেলার চন্দ্রপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, শ্রেষ্ঠ কো-এডুকেশন বিদ্যালয় হিসাবে উনকোটি জেলার ফটিকরায় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, তথ্য প্রযুক্তিতে শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে খোয়াই সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, খেলাধুলার ক্ষেত্রে শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে উত্তর ত্রিপুরা জেলার পানিসাগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে, সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য শ্রেষ্ঠ বিদ্যালয় হিসাবে মহারাণী তুলসীবতী বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে এবং ছাত্রছাত্রীর উপস্থিতির হার ভালোর জন্য শ্রেষ্ঠ বিদ্যালয় হিসেবে ধলাই জেলার ছৈলেন্গটা সরকারী ইংরেজী মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে পুরস্কৃত করা হয়। এছাড়াও শ্রেষ্ঠ মহাবিদ্যালয় হিসাবে মহিলা মহাবিদ্যালয়কে এবং শ্রেষ্ঠ পলিটেকনিক ইনস্টিটিউট হিসাবে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটকে অনুষ্ঠান মঞ্চে পুরস্কৃত করা হয়। সংবর্ধনা প্রাপক ৯টি বিদ্যালয়, ১টি মহাবিদ্যালয় এবং ১টি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক-শিক্ষিকার হাতে ট্রফি ও মানপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সহ অনুষ্ঠানের অন্যান্য অতিথিগণ।
